# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 02 May, 2025

মাত্র ৩৫ বলে সেঞ্চুরি করে চমক দেখিয়েছিলেন বৈভব সূর্যবংশী।কিন্তু সেই বিস্ময়কর ইনিংসের ঠিক পরের ম্যাচেই ধস! গতকাল বৃহস্পতিবার মুম্বাই ইন্ডিয়ান্সের বিপক্ষে নিজের প্রথম বলেই ডাক খেয়েছেন রাজস্থানের এই তরুণ ওপেনার।বিশ্লেষকরা বলছেন, বৈভবের দুর্বলতা ধরেই সাজানো মুম্বাইয়ের কৌশলই তাকে আটকে দিয়েছে।

ম্যাচ শেষে মুম্বাইয়ের অভিজ্ঞ পেসার দীপক চাহার বলেন ,গুজরাটের বিপক্ষে দুর্দান্ত ইনিংস খেলেছিল বৈভব।তবে প্রতিটি ব্যাটারেরই শক্তি-দুর্বলতা থাকে।একজন বোলার হিসেবে আমার দায়িত্ব দুর্বল জায়গাটা খুঁজে বের করা।আমরা পরিকল্পনা অনুযায়ী বল করেছি, এবং তা কাজে দিয়েছে।বৈভব প্রতিভাবান, ভবিষ্যতে সে ভালো খেলবে বলেই আশা করছি।

গতকালের ম্যাচে ২১৮ রানের লক্ষ্য তাড়া করতে নেমে ১১৭ রানেই গুটিয়ে যায় রাজস্থান।ম্যাচটি তারা হারে ১০০ রানের বিশাল ব্যবধানে। ব্যাট হাতে মুম্বাইয়ের হয়ে ঝড় তোলেন দুই ওপেনার–রোহিত শর্মা (৫৩) ও রায়ান রিকেলটন (৬১)।এই জুটি তুলে দেন ১১৬ রানের ভিত্তি। এরপর সূর্যকুমার যাদব (৪৮)* ও হার্দিক পান্ডে (৪৮)* অবিচ্ছিন্ন জুটিতে রানের পাহাড় গড়েন।মুম্বাইয়ের ব্যাটিং ঝড়ের সামনে রাজস্থানের কোনো জবাবই ছিল না।আর বৈভবকে নিয়ে যেই আশায় মাঠে নেমেছিল তারা, তা ভেস্তে যায় প্রথম ওভারেই।

আইপিএলে এটি বৈভব সূর্যবংশীর চতুর্থ ম্যাচ।আগের তিন ম্যাচে শুরু থেকেই বড় শট খেলার প্রবণতা ছিল তার।সেই অভ্যাসই কাল হয়ে দাঁড়ায়।দীপক চাহারের করা এক স্লোয়ার ডেলিভারি ঠিকঠাক টাইমিং করতে পারেননি বৈভব।ফাঁদে পা দিয়ে ফিরতে হয় তাকে।

বিশ্লেষকদের মতে, তরুণ বৈভবের প্রতিভা নিয়ে কোনো সন্দেহ নেই।তবে ধারাবাহিকতা ধরে রাখতে হলে প্রতিপক্ষের বোলিং পরিকল্পনা বুঝে খেলতে হবে আরও পরিণতভাবে।

সেঞ্চুরি মুম্বাই ইন্ডিয়ান্স রাজস্থান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 18:57

URL: https://www.timestodaybd.com/sports/1776978483